

বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব নিউ সাউথ ওয়েলস
অভিষেক সন্ধ্যা ও গুণীজন সংবর্ধনা ২০১৩

রাশেদুল ইসলামঃ গত ১৩ই ফেব্রুয়ারী ২০১৩ বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব নিউ সাউথ ওয়েলস এর আয়োজনে লেকেম্বা গ্রিক ক্লাবে অনুষ্ঠিত হল অভিষেক সন্ধ্যা ও গুণীজন সংবর্ধনা। অস্ট্রেলিয়া ও প্রশান্ত উপকূলে অবস্থিত পুরাতন এই সংগঠনটি দীর্ঘ দিন ধরে কাজ করে যাচ্ছে। নবগঠিত কমিটির সভাপতি



জনাব এ্যাড. মোবারক হোসেনের সভাপতিত্বে এই অভিষেক সন্ধ্যা ও গুণীজন সংবর্ধনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কনসাল জেনারেল এন্থনি কুরি। আর বিশেষ অতিথি হিসাবে গুণীজন সংবর্ধনায় উপস্থিত ছিলেন ডিপুটি মেয়র কার্ল সালেহ। জনাব এ্যাড. মোবারক হোসেন ধৈর্য ও সাহসীকতার সাথে এই সংগঠনটিকে গত দুই বছরে নিয়ে গিয়েছেন অত্যন্ত ভালো অবস্থানে।

অভিষেক উদযাপন কমিটির আহবায়ক জনাব ডা: আবদুল ওহাব বকুল উদ্বোধন করেন অভিষেক অনুষ্ঠান। তার উদ্বোধনী বক্তব্যে তিনি এই অনুষ্ঠান সফল করার জন্য সকলকে ধন্যবাদ জানান। অভিষেক অনুষ্ঠানের প্রধান অতিথি, কনসাল জেনারেল এন্থনি কুরি অনুষ্ঠান ও কমিউনিটির কাজে অবদান রাখার জন্য সংগঠনের সভাপতি এ্যাড. মোবারক হোসেন এর প্রশংসা করেন। তিনি বলেন বাংলাদেশীরা অস্ট্রেলিয়ার মাটিতে একটি শান্তি-প্রিয় কমিউনিটি। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ এ্যাসোসিয়েশন অব নিউ সাউথ ওয়েলস এর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আবদুল মতিন উজ্জ্বল। অনুষ্ঠানের প্রথম পর্বটি উপস্থাপনা করেন সোনিয়া বেগম। সোনিয়া বেগম বাংলা কালচার ও বাংলাদেশ এ্যাসোসিয়েশন নিউ সাউথ ওয়েলস এর বিভিন্ন দিকগুলো তুলে ধরেন।



সংগঠনের কালচারাল সেক্রেটারি আবদুল মতিন এর ডিরেকশন ও কোরিওগ্রাফিতে দ্বিতীয় পর্ব পরিচালন করেন ফজলুল হক সফিক। এই সময় তিনি প্রাক্তন সভাপতিদের সংবর্ধনা ও ক্রেস্ট প্রদান করার জন্য কমিউনিটির বিশিষ্ট ব্যক্তি আবদুল হক, সাইফুল ইসলাম চৌধুরী, ব্যারিস্টার সিরাজ কে আমন্ত্রণ জানান। পরে স্থানীয় শিল্পীদের পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান ও রাতের ডিনারের মাধ্যমে



অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন এড. মোবারক হোসেন। এই সময় তিনি সংগঠনের সকল সদস্যের প্রতি কৃতজ্ঞ প্রকাশ করেন।